



## রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী

rajshahi.portal.gov.bd

স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ী ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অফ সিটি কর্পোরেশন (C4C2) প্রকল্প, জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (JICA) সহযোগিতায় পরিচালিত প্রকল্পের আওতায় রাজশাহী সিটি কর্পোরেশনের গভর্ন্যান্স কৌশলপত্র বাস্তবায়ন সংক্রান্ত গঠিত কমিটিসমূহের কার্য-বিবরণী:

সভাপতি : প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

সভার তারিখ : ৮ ডিসেম্বর, ২০২৪

সময় : বেলা ১১:০০ ঘটিকা

স্থান : সচিব মহোদয়ের দপ্তর কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : "ক"

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অধ্যকার সভার আলোচ্যসূচি ভিত্তিক মতামত ও পরামর্শ প্রদানের আহ্বান জানান।

আলোচ্যসূচি-১ : ২০২৪-২০২৫ অর্থবছর গভর্ন্যান্স কৌশলপত্র ভিত্তিক কর্মপরিকল্পনা রিভিউ করা।

আলোচনা-১ : ২০২৪-২০২৫ অর্থবছর গভর্ন্যান্স কৌশলপত্র ভিত্তিক কর্মপরিকল্পনা সম্পর্কে পর্যালোচনা করা হয়। উক্ত কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপর স্ব স্ব অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালনের বিষয়ে পর্যালোচনা ও আলোচনাপূর্বক সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত-১ : সভায় ২০২৪-২০২৫ অর্থবছর গভর্ন্যান্স কৌশলপত্র ভিত্তিক কর্মপরিকল্পনা সম্পর্কে পর্যালোচনা ও আলোচনাতে কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপর স্ব স্ব অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।

আলোচ্যসূচি-২ : সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) ও ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) পুনর্গঠন সম্পর্কে আলোচনা।

আলোচনা-২ : ডিসেম্বর ২০২৪ এর মধ্যেই সিএলসিসি এবং ডব্লিউএলসিসির সংস্কার এবং সভার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। একই সাথে দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড কাউন্সিলর ও কর্মকর্তাগণের নিকট পত্র প্রেরণের বিষয়ে পর্যালোচনা ও আলোচনাতে সভায় সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত-২ : সভায় ডিসেম্বর ২০২৪ এর মধ্যেই সিএলসিসি এবং ডব্লিউএলসিসির সংস্কার এবং সভার আয়োজনের ও দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড কাউন্সিলর ও কর্মকর্তাগণের নিকট পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।

আলোচ্যসূচি-৩ : ২০২৪-২০২৫ অর্থবছর প্রশিক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

আলোচনা-৩ : সভায় আগামী ৩ (তিন) মাসের মধ্যে বিদ্যমান প্রশিক্ষণ পরিকল্পনা সম্পর্কে আলোচনা করা হয় এবং জানুয়ারী ২০২৫ মাসে জাপানে স্থানীয় শাসনের উপর মিনি লার্নিং এবং সংলাপের কর্মশালা আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনাতে এ বিষয়ে একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত-৩ : সভায় আগামী ৩ (তিন) মাসের মধ্যে বিদ্যমান প্রশিক্ষণ পরিকল্পনা জানুয়ারী ২০২৫ মাসে জাপানে স্থানীয় শাসনের উপর মিনি লার্নিং এবং সংলাপের কর্মশালা আয়োজন করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।

আলোচ্যসূচি-৪ : বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের গুণগত মান বৃদ্ধি সংক্রান্ত আলোচনা।

আলোচনা-৪ : সভায় LGD নির্দেশিকা এবং বিন্যাস অনুসরণ করে AAR-এর প্রতিবেদন তৈরির বিষয়েও পর্যালোচনা ও আলোচনাপূর্বক শিক্ষা কর্মকর্তা আল মাহমুদ রনি, এবং কিউরেটর মোঃ আনারুল হক আনারকে আগামী অর্থবছরের বার্ষিক প্রশাসনিক

